



১৯ জানুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

যৌন হয়রানী ও ধর্ষণের শিকার নারী ও কন্যা শিশুর ব্যক্তিগত নিরাপত্তা রক্ষায় এলার্ম এর প্রয়োগের সম্ভাব্যতা যাচাইয়ের বিষয়ে হাইকোর্টের নির্দেশ

আজ ১৯ জানুয়ারি ২০২০ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি এম. ইনায়েতুর রহিম এবং মাননীয় বিচারপতি মোঃ মোস্তাফিজুর রহমানের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ জনস্বার্থে দায়েরকৃত রীট মামলা নং ৪৫৮/২০২০ এর প্রাথমিক শুনানী অস্ত্রে দেশের সর্বসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত রাস্তা/জায়গা বিশেষ করে নারী শিক্ষার্থী, কন্যাশিশু, নারী, কর্মজীবী নারী যে সকল পথ ব্যবহার করে সেখানে যৌন হয়রানী ও ধর্ষণের ঘটনা বন্ধের লক্ষ্যে কার্যকরী নিশ্চয়তা ও নিরাপত্তা প্রদানের জন্য বিবাদীগণ ও সরকার কে কেন নির্দেশ প্রদান করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন।

এছাড়াও ধর্ষণ, গণ-ধর্ষণ, উত্যক্ত করার জন্য অনুসরণ করা, যৌন হয়রানি, অপহরণ এ ধরনের ঘটনার শিকার ব্যক্তিদের সর্বোত্তম নিরাপত্তা ও নিশ্চয়তা প্রদানের লক্ষ্যে ব্যক্তিগত নিরাপত্তাজনিত এলার্ম/কীটস/যন্ত্রাদিসমূহ যা একবার চালু হলে পর্যাপ্ত শব্দ উৎপন্ন করবে যা আশে পাশের মানুষের দৃষ্টি আকর্ষণ করবে এবং আইন প্রয়োগকারী সংস্থার নম্বর ৯৯৯ এর সাথে সংযোগ প্রদান করে সংশ্লিষ্ট অপরাধীদের তাৎক্ষণিকভাবে চিহ্নিত করণ ও ধরার ক্ষেত্রে সহায়তা করবে এরূপ যন্ত্রাদিসমূহ প্রচলন ও ব্যবহার এবং এরূপ ঘটনা বন্ধের লক্ষ্যে কার্যকরী ও দ্রুত ব্যবস্থা গ্রহণ এর লক্ষ্যে বিবাদীগণ ও সরকারকে একটি বিশেষজ্ঞ কমিটি গঠনের নির্দেশ কেন দেয়া হবে না তা জানতে চেয়ে বিবাদীগণের উপর রুল জারি করেছেন।

পাশাপাশি কন্যাশিশু ও নারীদের সর্বোত্তম নিরাপত্তা ও নিশ্চয়তা প্রদানের লক্ষ্যে তাদের ব্যক্তিগত নিরাপত্তাজনিত এলার্ম/কীট/যন্ত্রাদি সমূহ যা একবার চালু করা হলে পর্যাপ্ত শব্দ উৎপন্ন করবে যা আশে পাশের মানুষের দৃষ্টি আকর্ষণ করবে এবং পুলিশের ৯৯৯ নং নম্বরে সরাসরি সংযুক্ত হবে এরূপ যন্ত্রাদি সমূহ প্রচলন, সরবরাহ এবং/অথবা আমদানিকরণ এবং এ ধরনের ঘটনার সাথে সংশ্লিষ্ট অপরাধীদের দ্রুত চিহ্নিতকরণ এবং তাদের বিচারের আওতায় আনার লক্ষ্যে কার্যকরী ও দ্রুত ব্যবস্থা গ্রহণ বিষয়ক পদক্ষেপ গ্রহণ কতটুকু সম্ভাব্য এবং ব্যক্তিগত নিরাপত্তাজনিত এলার্ম/কীট/যন্ত্রাদি সমূহের সাথে পুলিশের ৯৯৯ নং নম্বরে সরাসরি সংযুক্তকরণের সম্ভাব্যতা বিষয়ে বিবাদীগণ যথা সচিব, ডাক, টেলিযোগাযোগ এবং তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টারস এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সমন্বয়ে কমিটি গঠন করে ৬০ কার্য দিবসের মধ্যে রিপোর্ট প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে।



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

উল্লেখ্য যে, গত ১২ই জানুয়ারি ২০২০ ইং তারিখ চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন (সিসিবি ফাউন্ডেশন) এবং বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষে আইনজীবী ব্যরিস্টার আবদুল হালিম রীট মামলা নং ৪৫৮/২০২০ (চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন (সিসিবি ফাউন্ডেশন) ও ব্লাস্ট বনাম বাংলাদেশ ও অন্যান্য) দায়ের করেন।

আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন ব্যরিস্টার আবদুল হালিম। তাকে সহায়তা করেন ব্লাস্টের সিনিয়র স্টাফ ল'ইয়ার ব্যরিস্টার শারমিন আক্তার। রাষ্ট্র পক্ষে ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল অনীক তালুকদার এবং সহকারী এটর্নি জেনারেল সামিউল হক সরকার।

প্রেক্ষাপট গত ০৫.০১.২০২০ ইং তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের বাস থেকে নেমে আনুমানিক রাত ৭:৩০ ঘটিকায় তার বাসবীর বাসায় যাবার উদ্দেশ্যে কুর্মিটোলা বাস স্টপ সংলগ্ন রাস্তায় বাস থেকে নামে। সে সময়ে সে ধর্ষণের শিকার হয়। তাৎক্ষণিকভাবে সে অজ্ঞান হয়ে পড়ে এবং রাত আনুমানিক ১০.০০ ঘটিকায় তার জ্ঞান ফিরলে বাসবীকে ফোন করলে তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এ বিষয়ে ৬/১/২০২০ তারিখে ক্যান্টনমেন্ট থানায় একটি ফৌজদারী মামলা দায়ের করা হয়; যা বর্তমানে তদন্তনাশীন রয়েছে। এ ঘটনায় ন্যায় বিচারের দাবীতে দেশব্যাপী উত্তাল আন্দোলন শুরু হয়। এছাড়াও সাম্প্রতিক সময়ে দেশব্যাপী আশংকাজনকভাবে বৃদ্ধি পাওয়া যৌন হয়রানী ও ধর্ষণের ঘটনায় শিশু ও নারীদের নিরাপত্তা নিশ্চিতকরণ জরুরি হয়ে পড়েছে।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার, উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট, মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩, mahbuba@blast.org.bd

প্রয়োজনে যোগাযোগ করুন:

ব্যরিস্টার আবদুল হালিম [ফোন : ০১৭১৩০০১৫৩১ ইমেইল : halim_md@yahoo.co.uk]